


## Annual Report

# 2021



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
Bakhrabad Gas Distribution Company Limited  
(A Company of Petrobangla)





# Annual Report 2021



**BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED**  
(A Company of Petrobangla)



# Contents

	Page
Corporate Information	3
Message	4-13
Managing Director's Views	14-15
BGDCL Franchise Area	16
Shareholders	17-18
Board of Directors	19-20
Notice of 41st AGM	21
Directors' Report (in Bangla)	22-29
Directors' Report (in English)	30-39
Auditors' Report	40-42
Statements of Financial Position	43- 44
Statement of Profit or Loss & Other Comprehensive Income	45-46
Statement of Changes in Equity	47
Cash Flow Statement	48-49
Notes to the Financial Statements	50-56
Graphs & Charts	57-66
Notification for safe and proper use of Gas	67
Chief Executives of the Company	68
Annual Report Publication Committee	69



# Corporate Information

Name of the Company	: Bakhrrabad Gas Distribution Company Limited (BGDCL)
Date of Incorporation	: June 07, 1980
Registered Office	: Chapapur, Cumilla-3500.
Corporation	: Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)
Administrative Ministry	: Ministry of Power, Energy & Mineral Resources
Company Status	: Public Limited Company.
BGDCL Franchise Area	: Cumilla, Chandpur, Brahmanbaria & Greater Noakhali.
First Gas Supply commercially	: May 20, 1984
Authorised Capital	: TK. 800 crore
Paid up Capital (As on June 30, 2021)	: TK. 122.62 crore
Number of Shares	: 12,26,18,000
Gas sales (FY 2020-21)	: 3168.41 MMCM
Sales Revenue (FY 2020-21)	: TK. 2469.13 crore
Net Profit before TAX (FY 2020-21)	: TK. 212.44 crore
Main Source of Revenue	: Distribution Margin
Payment to the National Exchequer	: TK. 86.01 crore
Number of Customers (As on June 30, 2021) :	Total 241098 Power (Govt.)-08 Power (Private)-06 Fertilizer-1 Industry-181 CNG-91 Captive Power-81 Hotel & Restaurant-1564 Small & Cottage Industries-575 Domestic-238591
Constructed Pipeline (As on June 30, 2021) :	3891.84 km
Source of Gas supply (Fields)	: Titas, Habiganj, Bibiyana, Fenchugonj, Shundalpur, Begumgonj, Bakhrrabad, Jalalabad, Rashidpur Gas Fields & Regasified LNG
Manpower (As on June 30, 2021)	: Total : 460, Officer : 225 & Staff : 235
Chief Executive/Managing Director	: Mr. Shankar Majumder
Company's E-TIN	: 571595319136
Company's Website	: www.bgdcl.gov.bd
Company's Hot-Line	: 16523
Company's E-mail	: ho@bgdcl.gov.bd & lo@bgdcl.gov.bd

# বাণী



মাননীয় প্রধানমন্ত্রীর  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ  
বিষয়ক উপদেষ্টা  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ উপলক্ষ্যে বিজিডিসিএল এর ২০২০-২০২১ অর্থ বছরের সার্বিক কর্মকাণ্ডের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশনার উদ্যোগ প্রশংসনীয়।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে এবং দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে এ কোম্পানি সহায়ক ভূমিকা পালন করে আসছে। জাতীয় সম্পদ প্রাকৃতিক গ্যাস আহরণ ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণসহ নিরবচ্ছিন্নভাবে জ্বালানি সরবরাহ করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। অতীতের ন্যায় ভবিষ্যতেও বিজিডিসিএল দেশের জ্বালানি খাতে কার্যকর ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

বিজিডিসিএল-এর সার্বিক কার্যক্রমের প্রতিচ্ছবি ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিবেদনটি প্রকাশের সাথে জড়িত সকল সদস্য এবং কোম্পানিতে কর্মরত সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীসহ কোম্পানির শেয়ারহোল্ডার ও পরিচালনা পর্ষদকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমি এ প্রতিষ্ঠানটির উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা  
জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম)



# বাণী



প্রতিমন্ত্রী  
বিদ্যুৎ, জ্বালানি ও  
খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরে কোম্পানির কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এর সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বর্তমান সরকার জ্বালানি নিরাপত্তায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গ্যাসের কাঙ্ক্ষিত ব্যবহার নিশ্চিত করতে বদ্ধপরিকর। নিরাপদ জ্বালানি বাস্বব দেশ গড়তে সরকার বিদেশ থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এল এন জি) আমদানি করছে যা বিদ্যুৎ উৎপাদনসহ অন্যান্য শিল্প স্থাপন ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নকে আরও বেগবান করবে। করোনা মহামারির সময়ে বিদ্যুৎ কেন্দ্র, সার কারখানা, ক্যাপটিভ পাওয়ার, শিল্প প্রতিষ্ঠান ও অন্যান্য গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহে বিজিডিসিএল-এর ভূমিকা অগ্রগণ্য। দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাকৃতিক ও আমদানীকৃত এলএনজি গ্যাস ব্যবহারের সুষ্ঠু ব্যবস্থাপনা অত্যন্ত জরুরী। আমি আশা করি এ লক্ষ্যে বিজিডিসিএল-এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী তাঁদের উপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করে জাতীয় উন্নয়নে অবদান রাখার কার্যক্রম অব্যাহত রাখবে।

আমি, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভার সাফল্য কামনা করছি।

জয় বাংলা  
জয় বঙ্গবন্ধু  
বাংলাদেশ চিরজীবী হোক।

নসরুল হামিদ, এমপি





# বাণী



সিনিয়র সচিব  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ  
মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। প্রতিবেদনে কোম্পানির বিভিন্ন কার্যক্রম ও এর ভবিষ্যত কর্মপরিকল্পনার যথার্থ প্রতিফলন ঘটবে এবং দেশবাসী কোম্পানির বিষয়ে সম্যক ধারণা লাভ করবে বলে বিশ্বাস করি।

দেশের শিল্প ও বিদ্যুৎ উৎপাদনসহ সামগ্রিক উন্নয়ন জ্বালানির উপর নির্ভরশীল। প্রাকৃতিক গ্যাসের মজুদ অফুরন্ত নয়, জাতীয় স্বার্থে এ সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করে দেশের অর্থনৈতিক অগ্রগতি ত্বরান্বিত করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। বর্তমান ও ভবিষ্যৎ জ্বালানি চাহিদা পূরণের উদ্দেশ্যে সরকার আরো গ্যাস উত্তোলনে নতুন কূপ খনন, সর্বাধুনিক প্রযুক্তির সংযোজন, জ্বালানি দক্ষতা অর্জন, এলএনজি ও এলপি গ্যাস ব্যবহার বৃদ্ধি অব্যাহত রেখেছে। জাতির পিতার লালিত স্বপ্ন পূরণে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সরকার ২০৪১ সালের মধ্যে উন্নয়নশীল বাংলাদেশকে একটি উন্নত দেশে উন্নীত করার লক্ষ্যে জ্বালানি সম্পদের সুষ্ঠু ও যথাযথ ব্যবহারের মাধ্যমে উন্নয়নের ধারা ত্বরান্বিত করতে জ্বালানি নিরাপত্তা-কে সর্বাধিক অগ্রাধিকার ঘোষণা করে ব্যাপক উন্নয়ন কর্মসূচি সাফল্যের সাথে বাস্তবায়ন করছে।

জ্বালানি সাশ্রয় ও গ্যাসের সর্বাধিক নিরাপদ ব্যবহারের বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধি ও গ্যাসের অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করে গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে এ কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণ আরো আন্তরিক ও সচেতন হবেন বলে আমি আশা করছি এবং বর্তমানের ন্যায় ভবিষ্যতেও দেশের সামগ্রিক উন্নয়নের ধারাকে অব্যাহত রাখবে।

আমি বিজিডিসিএল এর ৪১তম বার্ষিক সাধারণ সভার সার্বিক সাফল্য কামনা করছি।

(মোঃ আনিছুর রহমান)



# বাণী



চেয়ারম্যান  
বাংলাদেশ তৈল, গ্যাস  
ও খনিজ সম্পদ  
করপোরেশন (পেট্রোবাংলা)

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর অন্যতম প্রতিষ্ঠান বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে ২০২০-২০২১ অর্থ বছরে বিজিডিসিএল এর নিরীক্ষিত হিসাব, উন্নয়নমূলক ও অপারেশনাল কার্যক্রমের উপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ একটি প্রশংসনীয় উদ্যোগ।

দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যে সরকার আরও গ্যাস উত্তোলনের জন্য ভূমি ও সমুদ্রবক্ষে অনুসন্ধান, আধুনিক প্রযুক্তির সংযোজন, এলএনজি আমদানি ও এলপি গ্যাস ব্যবহার বৃদ্ধিসহ নানাবিধ পরিকল্পনা বাস্তবায়ন করছে। যুগপৎভাবে জ্বালানি সাশ্রয়, গ্যাসের নিরাপদ ব্যবহারের বিষয়ে বিভিন্ন শ্রেণির গ্রাহকদের সচেতনতা বৃদ্ধি, গ্যাসের অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের পাশাপাশি গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিজিডিসিএল-এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিরলস পরিশ্রম করে যাচ্ছেন। কোভিডের প্রাদুর্ভাবের সময়েও ভয়-ভীতি উপেক্ষা করে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ তাঁদের উপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রেখেছেন বলে আমি তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। সেই সাথে দাপ্তরিক কাজে নিয়োজিত থাকা অবস্থায় কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে বিজিডিসিএল এর ০৪ জন কর্মকর্তা ও কর্মচারী মৃত্যুবরণ করায় আমি তাঁদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি।

উল্লেখ্য যে, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড তার সাফল্যের ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০২০-২০২১ অর্থ বছরে ২১২.৪৪ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে এবং সরকারি কোষাগারে ৮৬.০১ কোটি টাকা জমা প্রদান করেছে।

আমি বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১তম বার্ষিক সাধারণ সভার সার্বিক সাফল্য কামনা করছি এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

(এ বি এম আবদুল ফাভাহ)



# বাণী



অতিরিক্ত সচিব (প্রশাসন)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ও চেয়ারম্যান, পরিচালনাপর্ষদ,  
বিজিডিসিএল

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে বার্ষিক প্রতিবেদন উপস্থাপনের সুযোগ পেয়ে আমি আনন্দিত। আলোচ্য ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে কোম্পানির আর্থিক, উন্নয়নমূলক ও অপারেশনাল কার্যক্রমের উপর প্রাসঙ্গিক তথ্যাদি যথাযথ ভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন বৃহত্তর কুমিলা, চাঁদপুর, লক্ষীপুর, ফেণী, নোয়াখালী ও ব্রাহ্মণবাড়িয়া জেলা সমূহে স্থাপিত শিল্প কারখানা, বিদ্যুৎ কেন্দ্র, বাণিজ্যিক ও আবাসিক খাতে জ্বালানি হিসেবে প্রাকৃতিক গ্যাসের বিপণন ও বিতরণের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিজিডিসিএল একনিষ্ঠ ভাবে কাজ করে যাচ্ছে।

Covid-19 এর প্রাদুর্ভাব উর্ধ্বমুখী থাকা সত্ত্বেও কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁদের উপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করে গ্রাহক সেবা অব্যাহত রেখেছেন। এছাড়াও কোম্পানির ২৬ টি বিশেষ টীম ০৬ টি জেলায় অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ ও অবৈধ পাইপ লাইন অপসারণ কাজে নিয়োজিত থেকে সরকারি রাজস্ব আদায়সহ কোম্পানির সার্বিক কর্মকাণ্ডে সফলতা অর্জন করেছে জেনে আমি আনন্দিত। বর্ণিত কাজে নিয়োজিত হয়ে ৪৩ জন কর্মকর্তা ও কর্মচারী Covid-19 এ আক্রান্ত হয়েছিল। আক্রান্তদের মধ্যে ০৪ জন কর্মকর্তা ও কর্মচারী মৃত্যুবরণ করায় আমি তাঁদের সকলের পরিবারের প্রতি আন্তরিকভাবে সমবেদনা জ্ঞাপন করছি।

২০২০-২০২১ অর্থ বছরে বিজিডিসিএল ২১২.৪৪ কোটি টাকা কর পূর্ব মুনাফা অর্জন এবং ডিএসএল, সিডি-ভ্যাট, আয়কর ও লভ্যাংশ বাবদ মোট ৮৬.০১ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে। পরিচালনা পর্ষদের সঠিক দিক নির্দেশনার আলোকে কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফলে বর্ণিত সাফল্য অর্জন সম্ভব হয়েছে।

আমি বিজিডিসিএল- এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের সার্বিক মঙ্গল এবং উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করছি।

(মোঃ আজিজুল ইসলাম)



# ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য



ব্যবস্থাপনা পরিচালক  
বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

বাংলাদেশ নামক ছোট স্বাধীন ও সার্বভৌম ভূখন্ডের দক্ষিণ পূর্বাঞ্চলে বসবাসরত আপামর জনসাধারণের দোর গোড়ায় জ্বালানি পৌঁছে দেয়ার লক্ষ্যকে সামনে রেখে ৭ই জুন ১৯৮০ খ্রীষ্টাব্দে বাংলাদেশ তৈল গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীনস্থ গ্যাস সেক্টরে একটি মডেল কোম্পানি হিসেবে “বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড” (বিজিএসএল) প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে ২০ মে ১৯৮৪ খ্রীষ্টাব্দে গ্যাস উৎপাদন, সঞ্চালন ও বিতরণের সার্বিক দায়িত্ব নিয়ে বিজিএসএল বাণিজ্যিকভাবে গ্যাস বিতরণ কার্যক্রম শুরু করে। পেট্রোবাংলার কোম্পানিসমূহের পুনর্গঠন প্রক্রিয়ায় ১৯৮৯ সালে বাখরাবাদ গ্যাস ফিল্ডসহ কোম্পানির উৎপাদন কার্যক্রম বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড (বিজিএফসিএল)-এর নিকট হস্তান্তর করা হয়। পরবর্তীতে সরকারি সিদ্ধান্তের আলোকে ২০০৪ সালে বাখরাবাদ-ডেমরা সঞ্চালন পাইপলাইন ও বাখরাবাদ-চট্টগ্রাম সঞ্চালন পাইপলাইন গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)-এর নিকট হস্তান্তর করা হয়। ফলে এ কোম্পানির কার্যক্রম শুধুমাত্র গ্যাস বিতরণ ও বিপণনে সীমাবদ্ধ হয়ে পড়ে। অতঃপর সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ২০০৮ সালের ১৭ নভেম্বর বৃহত্তর চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চল নিয়ে “কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল)” এবং নোয়াখালী, ফেণী, লক্ষীপুর, কুমিলা, চাঁদপুর ও টিজিটিডিসিএল-এর নিয়ন্ত্রণাধীন ব্রাহ্মণবাড়িয়া জেলা নিয়ে “বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড” নামে দুটি কোম্পানি পুনর্গঠন করা হয়। সে আলোকে গত ৩০ জুন ২০১১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির শেয়ারহোল্ডারগণের বিশেষ সাধারণ সভায় “বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড” (বিজিএসএল) এর নাম পরিবর্তন করে “বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড” (বিজিডিসিএল) করা হয়।


সুদীর্ঘ ৪১ বছরে এ কোম্পানি তার সার্বিক কার্যক্রমে যে সাফল্যের স্বাক্ষর বহন করে চলেছে তারই ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ বছরে কোম্পানি ২১২.৪৪ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে। বর্ণিত অর্থ বছরে অন্যান্য পরিচালন আয়সহ মোট রাজস্ব আয় হয়েছে ২৫৮.৯.৪৬ কোটি টাকা। উক্ত রাজস্ব আয় হতে গ্যাস ক্রয় খাতে ১৯৮.৮.৪৯ কোটি টাকা, জিটিসিএল এবং টিজিটিডিসিএল-এর হুইলিং চার্জ খাতে ১২৫.৩১ কোটি টাকা, গ্যাস উন্নয়ন তহবিল খাতে ৯১.৯২ কোটি টাকা, জ্বালানি নিরাপত্তা তহবিল খাতে ১০১.৬২ কোটি টাকা, পেট্রোবাংলা মার্জিন খাতে ১৭.১২ কোটি টাকা এবং আরপিজিসিএল অপারেশনাল চার্জ খাতে ৪.৪৬ কোটি টাকা অর্থাৎ সর্বমোট ২৩২.৯২ কোটি টাকা বাদ দেয়ার পর কোম্পানির মোট লাভ দাঁড়িয়েছে ২৬০.৫৪ কোটি টাকা। আলোচ্য অর্থ বছরে এ কোম্পানি ডিএসএল, আয়কর ও লভ্যাংশ বাবদ ৮৬.০১ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও কোম্পানির পরিচালনা পর্ষদের পরিচালকগণের যথাযথ দিকনির্দেশনা ও কোম্পানির কর্মকর্তা/কর্মচারীগণের সার্বিক সহযোগিতায় ২০২০-২১ অর্থ বছরে ১৪,০৯১ টি অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ সহ ৬৯.৬৭ কিলোমিটার অবৈধ পাইপ লাইন অপসারণ/অকার্যকর করা হয়েছে। কোম্পানির কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে গঠিত ২৬ টি বিশেষ টিম এর মাধ্যমে অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ ও অবৈধ পাইপলাইন অপসারণ কাজ অব্যাহত আছে। করোনা ভাইরাস (Covid-19) এর মহাদুর্যোগ চলাকালীন কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁদের উপর অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করেন। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে পালন করতে গিয়ে কোম্পানির ৪৩ জন কর্মকর্তা ও কর্মচারী Covid-19 এ আক্রান্ত হয়েছিল। আক্রান্তদের মধ্যে ০৪ জন কর্মকর্তা ও কর্মচারী মৃত্যুবরণ করায় আমি তাঁদের সকলের পরিবারের প্রতি আন্তরিকভাবে সমবেদনা জ্ঞাপন করছি। আমি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় বিজিডিসিএল-এর পরিচালনা পর্ষদ, পেট্রোবাংলা এবং জাতীয় রাজস্ব বোর্ডের সহযোগিতা, দিক-নির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং একই সাথে এ কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী যাদের অক্লান্ত পরিশ্রম ও অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে কোম্পানির সাফল্য অর্জন ও অগ্রযাত্রায় অবদান রয়েছে তাদের সকলকে জানাই আন্তরিক অভিনন্দন।

শঙ্কর মজুমদার









# Shareholders



**ABM Abdul Fattah**

Chairman

Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
&  
Shareholder of BGDCL



**Nazmul Ahsan**

Additional Secretary

Government of the People's Republic of Bangladesh and  
Director (Administration)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) &  
Shareholder of BGDCL



**A K M Benjamin Riyazi**

Joint Secretary

Government of the People's Republic of Bangladesh and  
Director (Finance)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) &  
Shareholder of BGDCL

# Shareholders



**Engr. Ali Iqbal Md. Nurullah**  
Director (Planning)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
&  
Shareholder of BGDCL



**Eng. Md. Shahinur Islam**  
Director (PSC)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
&  
Shareholder of BGDCL



**Eng. Ali Mohamd. Al Mamun**  
Director (Operation & Mines)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
&  
Shareholder of BGDCL



**Syed Ashfaquzzaman**  
Secretary  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)  
&  
Shareholder of BGDCL



# Board of Director



**Md. Azizul Islam**  
Additional Secretary (Administration)  
Energy & Mineral Resources Division  
Ministry of Power, Energy & Mineral Resource &  
Chairman  
BGDCL Board



**Eng. Md. Belayet Hossain**  
Chairman  
Bangladesh Power Development Board (BPDB) &  
Director  
BGDCL Board



**Nazmul Ahsan**  
Additional Secretary  
Government of the People's Republic of Bangladesh and  
Director (Administration)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) &  
Director  
BGDCL Board



**A K M Benjamin Riyazi**  
Joint Secretary  
Government of the People's Republic of Bangladesh and  
Director (Finance)  
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla) &  
Director  
BGDCL Board

# Board of Director



**Jazrin Nahar**

Director

Hon'ble Prime Minister's Office  
Government of the People's Republic of Bangladesh &  
Director  
BGDCL Board



**Dr. Md. Moniruzzaman**

Deputy Secretary

Energy & Mineral Resources Division  
Ministry of Power, Energy & Mineral Resources  
Government of the People's Republic of Bangladesh &  
Director, BGDCL Board



**Pro. Dr. Hosne Ara Bagum**

Executive Director, TMSS

&

Director  
BGDCL Board



**Shankar Mazumder**

Managing Director

Bakhrabad Gas Distribution Company Limited

&

Director  
BGDCL Board



## বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (পেট্রোবাংলার একটি কোম্পানি)

সূত্রঃ ২৮.০২.১৯০০.০১১.৩১.০১২(৪১).২১-৫০৭

তারিখঃ ০১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ  
১৬ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

### ৪১তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড-এর ৪১ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২২ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ/ ০৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ, রোজ-সোমবার, সন্ধ্যা ৬.৩০ মিনিটে দি প্যানপ্যাসিফিক হোটেল সোনারগাঁও (রুম-মেঘনা), ঢাকায় অনুষ্ঠিত হবে।

#### সভার আলোচ্য-সূচী নিম্নরূপ:

- ১। গত ২০ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৪০ তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন বিবেচনা;
- ২। ২০২০-২১ অর্থ বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
- ৩। কোম্পানির বহির্গনিরীক্ষক এম জে আবেদীন এন্ড কোং কর্তৃক দাখিলকৃত ২০২০-২১ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব ও ব্যবস্থাপনা প্রতিবেদন এবং উহার ওপর কোম্পানির মতামত সংবলিত প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন;
- ৪। ২০২০-২১ অর্থ বছরের জন্য লভ্যাংশ ঘোষণা;
- ৫। কোম্পানি আইন অনুযায়ী এক তৃতীয়াংশ পরিচালকের অবসর গ্রহণ ও পুনর্নিয়োগক্রমে পরিচালনা পর্ষদের পুনর্গঠন অনুমোদন;
- ৬। ২০২১-২২ অর্থ বছরের জন্য কোম্পানির বহির্গনিরীক্ষক নিয়োগ ও তাদের ফি নির্ধারণ; এবং
- ৭। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে আইনগতভাবে আলোচনাযোগ্য বিষয় (যদি থাকে)।

সম্মানিত শেয়ারহোল্ডার এবং পরিচালকবৃন্দকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সবিনয়ে অনুরোধ জানানো যাচ্ছে। কোন শেয়ারহোল্ডার ব্যক্তিগতভাবে সভায় উপস্থিত হতে অপারগ হলে “প্রক্সি ফরম” পূরণপূর্বক জমাধানের মাধ্যমে তাঁর পক্ষে সভায় উপস্থিত হওয়ার জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন। “প্রক্সি ফরম” এ সঙ্গে প্রেরণ করা হলো। সভার কার্যপত্র যথাসময়ে সংশ্লিষ্ট সকলের হস্তগত করা হবে।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে,

মোঃ খোরশেদ আলম  
কোম্পানি সচিব, চলতি দায়িত্ব  
মোবাইলঃ ০১৭১১-৮৮১৬৯৬

#### বিতরণ :

##### শেয়ারহোল্ডারবৃন্দ :

- ১। জনাব এ বি এম আবদুল ফাত্তাহ, চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা
- ২। জনাব নাজমুল আহসান, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা, ঢাকা
- ৩। জনাব এ কে এম বেনজামিন রিয়াজী, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা, ঢাকা
- ৪। প্রকৌ. মোঃ শাহীমুর ইসলাম, পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা
- ৫। প্রকৌ. আলী মোঃ আল-মামুন, পরিচালক (অপারেশন এ্যান্ড মাইস), পেট্রোবাংলা, ঢাকা
- ৬। প্রকৌঃ আলী ইকবাল মোঃ নূরুল্লাহ, পরিচালক (পরিচালনা), পেট্রোবাংলা, ঢাকা
- ৭। জনাব সৈয়দ আশফাকুজ্জামান, সচিব, পেট্রোবাংলা, ঢাকা
- ৮। পেট্রোবাংলাঃ প্রতিনিধিত্বকারী-চেয়ারম্যান, পেট্রোবাংলা

##### পরিচালকবৃন্দ :

- ১। জনাব মোঃ আজিজুল ইসলাম অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ - চেয়ারম্যান
- ২। প্রকৌ. মোঃ বেলায়েত হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড - পরিচালক
- ৩। জনাব নাজমুল আহসান, অতিরিক্ত সচিব, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা - পরিচালক
- ৪। জনাব এ কে এম বেনজামিন রিয়াজী, যুগ্ম-সচিব, পরিচালক (অর্থ), পেট্রোবাংলা - পরিচালক
- ৫। ড. মুহা. মনিরুজ্জামান, উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ - পরিচালক
- ৬। জনাব জাজরীন নাহার, পরিচালক-১১, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় - পরিচালক
- ৭। অধ্যাপিকা ড. হোসনে-আরা বেগম নির্বাহী পরিচালক, টিএমএসএস - পরিচালক
- ৮। জনাব শঙ্কর মজুমদার, ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড - পরিচালক

##### অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিজ্ঞান মন্ত্রণালয়, ঢাকা
- ২। ডেপুটি রেজিষ্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানিজ এ্যান্ড ফার্মস, বিভাগীয় দপ্তর, সিডিএ এনেক্স বিল্ডিং (৬ষ্ঠ তলা), চট্টগ্রাম
- ৩। সচিব, পেট্রোবাংলা, ৩, কারওয়ান বাজার বা/এ ঢাকা
- ৪। এম জে আবেদীন এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্ম, ন্যাশনাল প্লাজা, ১০৯ বীর উত্তম সি আর দপ্তর, ঢাকা-১০০০
- ৫। অফিস কপি

মোঃ খোরশেদ আলম  
কোম্পানি সচিব, চলতি দায়িত্ব



## বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর

৪১তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানির শেয়ারহোল্ডারগণের উদ্দেশ্যে ২০২০-২১ অর্থ বছরের

সার্বিক কার্যক্রমের উপর

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

বিস্মিল্লাহির রাহমানির রাহিম

### সম্মানিত শেয়ারহোল্ডারগণ

আসসালামু আলাইকুম,

আজ এ শুভক্ষণে বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(বিজিডিসিএল)-এর ৪১তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ হতে আপনাদের স্বাগত জানাচ্ছি। বিজিডিসিএল এর ২০২০-২১ অর্থ বছরের সার্বিক কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন উপস্থাপনের সুযোগ পেয়ে আমি আনন্দিত।

আমি স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে। অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অনুধাবন করেছিলেন শোষণমুক্ত সুখী সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। এ দূরদৃষ্টি থেকে তিনি আন্তর্জাতিক কোম্পানি শেল অয়েল এর নিকট থেকে ১৯৭৫ সালের ৯ আগস্ট মাত্র ৪.৫ মিলিয়ন পাউন্ড স্টার্লিং মূল্যে দেশের ৫টি গ্যাস ক্ষেত্র-বাখরাবাদ, তিতাস, হবিগঞ্জ, রশিদপুর ও কৈলাসটিলা ক্রয় করে রাষ্ট্রীয় মালিকানাভুক্ত করেন। একইভাবে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে গ্যাসের ক্রমাগত ঘাটতি পূরণের লক্ষ্যে বিদেশ হতে এলএনজি আমদানির যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেন। বঙ্গবন্ধু ও বঙ্গবন্ধুর কন্যা যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে দেশের ভবিষ্যতের জ্বালানি নিরাপত্তার বিষয়টি সুরাহা করে দেন।

### সম্মানিত শেয়ারহোল্ডারগণ

আপনারা অবগত আছেন যে, ১৯৮০ সালের ৭ জুন বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড (বিজিএসএল) নামে গ্যাস উৎপাদন, সঞ্চালন ও বিতরণের দায়িত্ব নিয়ে গ্যাস সেক্টরে একটি মডেল কোম্পানি হিসেবে এ কোম্পানি যাত্রা শুরু করে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বৃহত্তর চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চল নিয়ে “কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল)” এবং বৃহত্তর নোয়াখালী, কুমিল্লা, চাঁদপুর ও টিজিডিডিসিএল-এর নিয়ন্ত্রণাধীন ব্রাহ্মণবাড়িয়া জেলা নিয়ে “বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড” নামে দু’টি কোম্পানি গঠন করা হয়। সে আলোকে ৩০ জুন ২০১১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির শেয়ারহোল্ডারগণের বিশেষ সাধারণ সভায় “বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড” এর নাম পরিবর্তন করে “বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড” করা হয়।

এখন আমি ২০২০-২১ অর্থ বছরে কোম্পানির অপারেশনাল ও আর্থিক কর্মকান্ডের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি -

### অপারেশনাল কার্যক্রম

#### গ্যাস সংযোগ

আলোচ্য অর্থ বছরে শিল্প ৫টি ও কেপটিভ ৩টি মোট ৮টি গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে। ৩০ জুন ২০২১ পর্যন্ত কোম্পানির ক্রমপুঞ্জিত গ্রাহক সংখ্যা ২,৪১,০৯৮টি, যার মধ্যে বিদ্যুৎ ১৪টি, সার ১টি, শিল্প ১৮১টি, ক্যাপটিভ ৮১টি, হোটেল এন্ড রেস্তোরাঁ ১৫৬৪টি, ক্ষুদ্র ও কুটির শিল্প ৫৭৫টি, সিএনজি ৯১টি ও আবাসিক ২,৩৮,৫৯১টি রয়েছে।

#### সংযোগ বিচ্ছিন্ন ও বকেয়া আদায়

২০২০-২১ অর্থ বছরে কোম্পানির গ্যাস বিল বকেয়ার কারণে বিভিন্ন শ্রেণির মোট ২১৬৫ জন গ্রাহকের গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয় যাদের নিকট পাওনা টাকার পরিমাণ ছিল ৩০.৮৭ কোটি টাকা। সংযোগ বিচ্ছিন্নকৃত গ্রাহকদের নিকট হতে ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে ২৪.৯৩ কোটি টাকা বকেয়া আদায় করা হয়েছে এবং অবশিষ্ট বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ২০২০-২১ অর্থ বছরে সংযোগ বিচ্ছিন্ন ও বকেয়া আদায়ের একটি পরিসংখ্যান নিম্নে প্রদান করা হলো :





গ্রাহক শ্রেণী	সংযোগ বিচ্ছিন্নের সংখ্যা	বকেয়া পাওনার পরিমাণ (কোটি টাকা)	পুনঃসংযোগের সংখ্যা	বকেয়া আদায়ের পরিমাণ(কোটি টাকা)
কেপটিভ পাওয়ার	৯	৭.৫৩	৮	৬.৮২
শিল্প	১১	৪.৭০	৩	৩.০৬
হোটেল এন্ড রেস্টুরেন্ট	১৪৭	৩.৯৮	৭৩	২.০১
সিএনজি	৪	৪.৮০	৫	৮.৫১
আবাসিক	১৯৯৪	৯.৮৬	৯৮৭	৪.৫৩
মোট	২১৬৫	৩০.৮৭	১০৭৬	২৪.৯৩



অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম পরিদর্শন

## কোম্পানির আর্থিক কার্যক্রম

### আয় ও ব্যয়

আলোচ্য অর্থ বছরে কোম্পানির অন্যান্য পরিচালন আয়সহ মোট গ্যাস বিক্রয় রাজস্বের পরিমাণ ২৫৮৯.৪৬ কোটি টাকা। উক্ত রাজস্ব আয় হতে এলএনজি চার্জ ও ভ্যাটসহ গ্যাস ক্রয়, ট্রান্সমিশন চার্জ, গ্যাস উন্নয়ন তহবিল, জ্বালানি নিরাপত্তা তহবিল, আরপিজিসিএল-এর অপারেশনাল চার্জ ও পেট্রোবাংলার মার্জিন বাবদ মোট ২৩২৮.৯২ কোটি টাকা বিয়োগ করার পর কোম্পানির মোট লাভ দাঁড়িয়েছে ২৬০.৫৪ কোটি টাকা। অর্জিত মোট লাভের সাথে সুদ খাতের আয়সহ অন্যান্য অপরিচালন আয় ৬৮.৭৩ কোটি টাকা যোগ করে তা



হতে পরিচালন ও অন্যান্য ব্যয় ১০৫.৬৫ কোটি টাকা ও মুনাফায় সুবিধাভোগীদের অংশ ১১.১৮ কোটি টাকা বিয়োগ করে আলোচ্য অর্থ বছরে কোম্পানি ২১২.৪৪ কোটি টাকা কর-পূর্ব মুনাফা অর্জন করেছে।

### আর্থিক পর্যালোচনা

২০২০-২১ ও ২০১৯-২০ অর্থ বছরে কোম্পানির পরিচালনাগত ও আর্থিক তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো :



অনলাইন ব্যাংকিং চুক্তি স্বাক্ষর

বিবরণ	২০২০-২১(টাকা)	২০১৯-২০(টাকা)
মোট রাজস্ব আয়	২৫৮৯,৪৬,৩০,৯৭৯	২৬৩৪,৫১,৬৬,০২৫
মোট রাজস্ব ব্যয়	২৩২৮,৯১,৯৭,৫৪৮	২৩৯৮,০৮,৭৭,১০৬
মোট লাভ	২৬০,৫৪,৩৩,৪৩১	২৩৬,৪২,৮৮,৯২০
কর-পূর্ব মুনাফা	২১২,৪৪,৩৫,৫৭০	১৪৩,৭১,০৯,৬৮২
কর-পরবর্তী মুনাফা	১৪৮,৭১,০৪,৮৯৯	৯৭,০০,৪৯,০৩৫

২০২০-২১ ও ২০১৯-২০ অর্থ বছরে অত্র কোম্পানির কতিপয় গুরুত্বপূর্ণ আর্থিক অনুপাত নিম্নে উপস্থাপন করা হলো :

অনুপাতসমূহ	প্রমাণ অনুপাত	২০২০-২১	২০১৯-২০
ঋণ মূলধন অনুপাত	৭০ : ৩০	১.২০ : ৯৮.৮০	১.৪৩ : ৯৮.৫৭
ঋণ সেবা অনুপাত	১.০০ : ১.৫০	১.০০ : ৪১.৩০	১.০০ : ২০.৫৬
নেট গড় স্থায়ী সম্পদের উপর মুনাফার হার	১২%	৫৩.৫৮%	৩৫.২৬%
চলতি অনুপাত	২.০০ : ১.০০	২.২১ : ১.০০	২.৩১ : ১.০০
তারল্য অনুপাত	১.০০ : ১.০০	২.১০ : ১.০০	২.১৭ : ১.০০
এ্যাকাউন্টস রিসিভ্যাবল	৩ মাস	৩.৬৩ মাস	৩.৬০ মাস
শেয়ার প্রতি আয় (টাকা)		১২.১৩	৭.৯১
শেয়ার প্রতি নেট সম্পদ (টাকা)		১৬৪.৮৩	১৫৫.২২
ডিভিডেন্ড পে-আউট অনুপাত		১৩.৪৪%	২৭.৮৪%



## জনবল ও মানব সম্পদ উন্নয়ন

### জনবল

কোম্পানির সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত কর্মকর্তার সংখ্যা ৪৫০ জন ও কর্মচারীর সংখ্যা ৬৫৬ জনসহ মোট জনবলের সংখ্যা ১১০৬ জন। ৩০ জুন, ২০২১ তারিখে ২২৫ জন কর্মকর্তা এবং ২৩৫ জন কর্মচারীসহ মোট কর্মরত নিয়মিত জনবলের সংখ্যা মাত্র ৪৬০ জন। নারী কর্মকর্তার সংখ্যা ১৬ জন এবং নারী কর্মচারীর সংখ্যা ১৩ জন। এতদ্ব্যতীত কোম্পানির কাজের প্রয়োজনে স্থায়ী পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ীভাবে ১৯২ জন কর্মচারী নিয়োজিত রয়েছে।

### মানব সম্পদ উন্নয়ন

দক্ষ জনশক্তি একটি প্রতিষ্ঠানের মূল চালিকাশক্তি। অব্যাহতভাবে মানব সম্পদ উন্নয়ন ও কর্মী প্রেরণাকে কোম্পানি সর্বাধিক প্রাধান্য দিয়ে আসছে। ২০২০-২১ অর্থ বছরে মোট ১৬৮ জন কর্মকর্তাকে বিপিআই, বিআইএম, এনএপিডি, বার্ড, পেট্রোবাংলা ও বুয়েট কর্তৃক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার/ইন-হাউজ প্রশিক্ষণসহ মোট ৩৬টি স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে বৈদেশিক প্রশিক্ষণে কোন কর্মকর্তা প্রেরণ করা হয়নি।



ইন-হাউজ প্রশিক্ষণ

## স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ

কোম্পানি কর্তৃক ২০২০-২১ অর্থ বছরে স্বাস্থ্য, পরিবেশ ও নিরাপত্তাজনিত বিষয়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :

### স্বাস্থ্য

বিজিডিসিএল এর কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদানের জন্য প্রধান কার্যালয়ে ০১ জন পুরুষ চিকিৎসক, ০১ জন মহিলা চিকিৎসক, ০১ জন মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ও ০১ জন নার্স রয়েছে। এছাড়া অন্যান্য স্থাপনায় ০২ জন রিটেইনার চিকিৎসক রয়েছে। প্রধান কার্যালয়ে ০১টি আধুনিক এ্যাম্বুলেন্সের মাধ্যমে গুরুতর অসুস্থ রোগীদের সার্বক্ষণিক সেবা প্রদান করা হচ্ছে। কোম্পানির চিকিৎসকগণ বর্তমান Covid-19 Pandemic এর বিষয়ে সচেতনতা বৃদ্ধি, টিকা গ্রহণের উপদেশ প্রদান, আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা ও কোভিড পরবর্তী জটিলতাসমূহের চিকিৎসা সেবাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন।

### নিরাপত্তা

কোম্পানির প্রধান কার্যালয়সহ সকল স্থাপনা/টিবিএস/ডিআরএস এর সুষ্ঠু নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানির নিজস্ব ৩৩ (তেত্রিশ) জন নিরাপত্তা প্রহরী ও অঙ্গিভূত ১০৫ (একশত পাঁচ) জন আনসার সদস্য নিয়মিত নিরাপত্তার দায়িত্ব পালন করছে। তাছাড়াও প্রধান কার্যালয় কমপ্লেক্সসহ সকল স্থাপনায় সার্বক্ষণিকভাবে সিসি ক্যামেরার মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা নিয়ন্ত্রণ করা হচ্ছে।



### পরিবেশ

কোম্পানির সকল কার্যক্রমে পরিবেশ বান্ধব নীতি অনুসরণক্রমে প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য বজায় রাখার লক্ষ্যে বিজিডিসিএল এর বিভিন্ন স্থাপনায় প্রতি বছর ফলজ, বনজ ও ঔষধি গাছ রোপন করা হয়। এ কোম্পানি কর্তৃক প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনায় ৩০ জুন ২০২১ পর্যন্ত মোট ৩৮৮৯টি বৃক্ষরোপন করা হয়েছে যার মধ্যে ১০৪৪টি ফলজ, ২৫৭৮টি বনজ ও ২৬৭টি ঔষধি বৃক্ষ রয়েছে এবং বৃক্ষগুলো নিয়মিতভাবে পরিচর্যা করা হচ্ছে।



ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক বিজিডিসিএল এর আবাসিক এলাকায় বৃক্ষরোপন

### কল্যাণমূলক ও সামাজিক কার্যক্রম

কোম্পানির প্রধান কার্যালয়সহ বিভিন্ন স্থাপনায় ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় আলোচ্য অর্থ বছরেও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া ২০২০-২১ অর্থ বছরে কোম্পানি কর্তৃক মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য সকল জাতীয় দিবস যথাযথ মর্যাদা, ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালন করা হয়। কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখার জন্য কোম্পানি ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও বনভোজন অনুষ্ঠানের আয়োজন করেছে। এ ছাড়াও কোম্পানির অনুমোদিত নীতিমালা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরে স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীদেরকে জমি ক্রয়, গৃহ নির্মাণ, গৃহের এক্সটেনশন/রিনোভেশন ও কম্পিউটার ক্রয় বাবদ ১.০২ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে।

### ২০২০-২১ অর্থ বছরে কোম্পানির অর্জন

- (ক) ২০২০-২১ অর্থ বছরে কুমিল্লা অঞ্চলের ২০ (বিশ)টি সিএনজি স্টেশনে আইপি ক্যামেরা ও ডাটা কানেক্টিভিটি এর মাধ্যমে Remote Monitoring System এর আওতায় আনা হয়েছে;
- (খ) ২০২০-২১ অর্থ বছরে অসাধু গ্রাহক কর্তৃক গ্যাস কারচুপি ও অবৈধভাবে গ্যাস ব্যবহার রোধকল্পে গঠিত ডিজিটাল টিম কর্তৃক ৩৯,০৫৪ জন গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করা হয়। জেলা প্রশাসনের সহায়তা নিয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ, র্যাব সহযোগে অভিযানের মাধ্যমে বিভিন্ন ব্যাসের অবৈধ পাইপলাইন ছিদ্র ও সিমেন্ট গ্রাউটিং দ্বারা নিষ্ক্রিয় করার করে প্রায় ৬৯.৬৭ কিলোমিটার অবৈধ পাইপ লাইন অপসারণ/অকার্যকর করার মাধ্যমে ১৪,০৯১টি অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে।
- (গ) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় পেট্রোবাংলার সাথে বিজিডিসিএল-এর ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ৯৩.৯৩% স্কোর অর্জিত হয়েছে;
- (ঘ) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গ্রাহক সেবা ডিজিটলাইজেশনের লক্ষ্যে কোম্পানির রাজস্ব, বিপণন ও প্রকৌশল সেবা কার্যক্রমের



সমন্বয়ে আইআইসিটি, বুয়েটের মাধ্যমে ডেভেলপকৃত “বিজিডিসিএল গ্যাস ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেম” সফটওয়্যার চালু করা হয়েছে। এ সফটওয়্যার এর মাধ্যমে গ্রাহকগণ অন-লাইনে গ্যাস বিল পরিশোধ করছে। এছাড়াও, ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের জন্য একটি অনলাইন সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে।

- (ঙ) ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে এ কোম্পানিতে উন্মুক্ত দরপত্র ব্যবস্থায় ই-টেন্ডারিং এর মাধ্যমে দরপত্র আহবানের কার্যক্রম চালু রয়েছে। এ কোম্পানি কর্তৃক ২০২০-২১ অর্থ বছরে ই-টেন্ডারিং প্রক্রিয়ায় ১৩ (তের) টি দরপত্র আহবান করা হয়েছে;
- (চ) বর্তমান সরকারের a2i, প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত ই-সার্ভিস ইনোভেশন কার্যক্রমের আওতায় বিজিডিসিএল-এ ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ই-নথির মাধ্যমে সকল দাপ্তরিক কাজ সম্পন্ন করা হচ্ছে;
- (ছ) গ্রাহক সেবার উন্নয়ন ও গ্যাস দুর্ঘটনাজনিত তথ্যাদি প্রদানের মাধ্যমে দুর্ঘটনার প্রতিকার সংশ্লিষ্ট কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কোম্পানিতে ৫ ডিজিটের হটলাইন চালু রয়েছে। হটলাইনের মাধ্যমে ২০২০-২১ অর্থ বছরে মোট ৩২৪৩ জন গ্রাহককে (জুলাই, ২০২০ এ ২৯৫ জন, আগস্ট, ২০২০ এ ২৭৫ জন, সেপ্টেম্বর, ২০২০ এ ৩২৫ জন, অক্টোবর, ২০২০ এ ৩৭৮ জন, নভেম্বর, ২০২০ এ ২৪২ জন, ডিসেম্বর, ২০২০ এ ২৯০ জন, জানুয়ারি, ২০২১ এ ২২৮ জন, ফেব্রুয়ারি, ২০২১ এ ২১৬ জন, মার্চ, ২০২১ এ ২৫৪ জন, এপ্রিল, ২০২১ এ ২২৬ জন, মে, ২০২১ এ ২৯১ জন এবং জুন, ২০২১ এ ২২৩ জন) সেবা প্রদান করা হয়েছে;
- (জ) আলোচ্য অর্থ বছরে কোম্পানি আয়কর, কাস্টমস ডিউটি, মূল্য সংযোজন কর, ডিএসএল ও লভ্যাংশ বাবদ মোট ৮৬.০১ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে যার মধ্যে ২০.০০ কোটি টাকা লভ্যাংশ রয়েছে;
- (এ৪) কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের পরীক্ষায় কৃতিত্বপূর্ণ সাফল্যের স্বীকৃতি এবং পড়াশুনায়ে উৎসাহ প্রদানের জন্য আলোচ্য অর্থ বছরে মোট ২৩৮ জন ছাত্র-ছাত্রীকে ২১.৭৫ লক্ষ টাকা শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়া, প্রাতিষ্ঠানিক ও সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ০৬টি ভিন্ন ভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, মুক্তিযোদ্ধাদের স্মৃতি সম্মানার্থে নির্মিত “কোল্লাপাথর সমাধিস্থল-১৯৭১” এর রক্ষণাবেক্ষণ কাজ, ০১ জন কিডনী রোগীর চিকিৎসা ও মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান বাবদ মোট ১০.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।



বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন

### মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ব্যক্তিগত, সামাজিক ও রাষ্ট্রীয় কর্মকাণ্ডের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থিরচিত্রসমূহ সকলের নিকট প্রদর্শনের মাধ্যমে তাঁর কর্মজীবনকে উপস্থাপন করে জনগণকে দেশপ্রেমে উজ্জীবিত করতে প্রধান কার্যালয়ের প্রধান ভবনে সহজে দৃশ্যমান স্থানে একটি মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে। এখানে শতাধিক স্থিরচিত্র দর্শনার্থীদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে।



### অফিস নথি ও কাগজপত্রে মুজিব শতবর্ষের লোগো ব্যবহার

মুজিব শতবর্ষকে যথাযথভাবে উদযাপনের নিমিত্ত দাপ্তরিক সকল নথি ও কাগজপত্রে মুজিব শতবর্ষের লোগো ব্যবহার করা হচ্ছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিজিডিসিএল-এর সকল দাপ্তরিক কার্যক্রমকে ইতোমধ্যে ই-নথির আওতায় আনা হয়েছে।



বার্ষিক বনভোজন, ২০২০

### আলোকসজ্জা

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের জন্য ১৬-০৩-২০২১ তারিখ থেকে (২৫-০৩-২০২১ তারিখ কালরাত্রি ব্যতীত) ২৬-০৩-২০২১ তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত ১০(দশ) দিন ব্যাপি প্রধান কার্যালয়সহ আঞ্চলিক কার্যালয়সমূহে আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### বাস্তবায়নাত্মক উল্লেখযোগ্য প্রকল্প/কর্মকান্ড

- কুমিল্লা-নোয়াখালী ৪-লেন মহাসড়ক নির্মাণ কাজের অংশ হিসেবে টমছম ব্রীজ কুমিল্লা থেকে বিপুলাসার, মনোহরগঞ্জ কুমিল্লা পর্যন্ত এবং নোয়াখালী জেলার সোনাইমুড়ি থেকে বেগমগঞ্জ পর্যন্ত ৪ বার ও ১০ বার চাপের গ্যাস পাইপলাইন স্থানান্তর/প্রতিস্থাপন;
- ফেণী-নোয়াখালী মহাসড়কের সেবারহাট হতে চৌমুহনী, বেগমগঞ্জ পর্যন্ত ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের আওতায় বিভিন্ন ব্যাসের প্রায় ৩০.০০ কিলোমিটার পাইপলাইন প্রতিস্থাপন;
- আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের আওতায় বিভিন্ন ব্যাসের প্রায় ২২.৭০ কিলোমিটার পাইপলাইন প্রতিস্থাপন;

### ভবিষ্যৎ উন্নয়ন কর্মসূচি

#### কোম্পানি কর্তৃক গৃহিত ভবিষ্যৎ পরিকল্পনার উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে সন্নিবেশিত হলো

- বিজিডিসিএল এর আবাসিক গ্রাহকদের আঙ্গিনায় প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প বাস্তবায়ন ;
- গ্যাস বিতরণ ম্যাপের ডিজিটাইজেশন ও আপগ্রেডেশন;
- বিভিন্ন শ্রেণীর গ্রাহকদেরকে টেলিমিটারিং এর আওতায় আনয়ন প্রকল্প;
- কবিরহাট এবং বসুরহাট পৌরসভায় গ্যাস সংযোগ প্রদান প্রকল্প;
- কুমিল্লা মহানগর, ইপিজেড ও পার্শ্ববর্তী এলাকায় নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহের জন্য রিং মেইন পাইপলাইন নির্মাণ;
- লক্ষীপুর ও নোয়াখালী শহরে গ্যাসের চাপ বৃদ্ধি ও বিসিক শিল্প নগরীতে গ্যাস সরবরাহের জন্য গ্যাস পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ;



- ➔ কুটুমপুর হতে নন্দনপুর পর্যন্ত ২০” ব্যাস বিশিষ্ট ২৪ বার চাপের ৩৬ কিলোমিটার পাইপলাইন নির্মাণ;
- ➔ বিজরা, লাকসাম হতে নন্দনপুর পর্যন্ত ১২” ব্যাস বিশিষ্ট ২৪ বার চাপের ২৬ কিলোমিটার পাইপলাইন নির্মাণ;
- ➔ চৌদ্দগ্রাম - লাকসাম রোড থেকে চৌদ্দগ্রাম বিসিক পর্যন্ত ৮” ব্যাস বিশিষ্ট ৪ বার চাপের ২.২ কিলোমিটার পাইপলাইন নির্মাণ;
- ➔ কালিয়াপাড়া হতে কচুয়া পর্যন্ত ৮” ব্যাস বিশিষ্ট ১০ বার চাপের ২০ কিলোমিটার পাইপলাইন ও ২ টি ডিআরএস নির্মাণ;
- ➔ ফেণী হতে চৌদ্দগ্রাম পর্যন্ত ৮” ব্যাস বিশিষ্ট ১০ বার চাপের ৪০ কিলোমিটার পাইপলাইন নির্মাণ;
- ➔ নাসলকোট হতে চৌমুহনী, বেগমগঞ্জ পর্যন্ত ১২” ব্যাস বিশিষ্ট ২৪ বার চাপের ৫০ কিলোমিটার পাইপলাইন নির্মাণ;
- ➔ টিবিএস/ডিআরএস রিমোট কন্ট্রোলসহ আপগ্রেডেশন ও ডিজিটাইজেশন।

### কোম্পানির চ্যালেঞ্জসমূহ

- \* অবৈধ গ্যাস ব্যবহার রোধকরণ;
- \* অন-লাইনে গ্যাস বিল প্রেরণ ও বিলের অর্থ আদায়ের চলমান সফটওয়্যার বাস্তবায়ন;
- \* খেলাপী গ্রাহকদের নিকট হতে গ্যাস বিল আদায় হালনাগাদকরণ;
- \* আবাসিক গ্রাহকদের আঙ্গিনায় Prepaid Meter স্থাপন কাজ বাস্তবায়ন;
- \* গ্রাহকদেরকে নিরবচ্ছিন্নভাবে ও সঠিক চাপে গ্যাস সরবরাহ করা; এবং
- \* অনাকাঙ্খিত দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে পাইপলাইন ও প্ল্যান্টসমূহের নিরাপত্তা নিশ্চিত করা।

### ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন

আমি এতক্ষণ কোম্পানির ২০২০-২১ অর্থ বছরের সার্বিক কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণী তুলে ধরার চেষ্টা করেছি। আলোচ্য অর্থ বছরে কোম্পানি যে সফলতা অর্জন করেছে তা কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীর কঠোর পরিশ্রম, আনুগত্য, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফলেই সম্ভব হয়েছে। এ জন্য আমি পরিচালকমণ্ডলীর পক্ষ হতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। কোম্পানির কর্মকাণ্ড ও অগ্রযাত্রায় সক্রিয় সহযোগিতা, পরামর্শ এবং দিক নির্দেশনা প্রদানের জন্য পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, রেজিষ্টার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস ও অন্যান্য সরকারি সংস্থার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

